নং. 37

এ ক্সি কি উ টি ভ অ র্ডা র

অ্যালবানি, অ্যালেগানি, ব্রঙ্কস, ব্রুম, ক্যাটারাগাস, ক্যাইয়ুগা, শাটোকুয়া, শেমাং, শেনাঙ্গ, ক্লিন্টন, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, ইরি, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, ফুলটন, জিনেসি, গ্রিন, হ্যামিলটন, হারকাইমার, জেফার্সন, কিংস, লুইস, লিভিংস্টোন, ম্যাডিসন, মনরো, মন্টগোমারি, নাসাউ, নিউ ইয়র্ক, নায়াগ্রা, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, অর্লিন্স, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, কুইন্স, রেনসেলার, রিচমন্ড, রকল্যান্ড, সেইন্ট লরেন্স, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা,, স্টুবেন, সাফোক, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েইন, ওয়েস্টচেস্টার, ওয়াইয়োমিং এবং ইয়েটস কাউন্টিগুলিতে একটি দুর্যোগ ঘোষণা

যেহেতু, 10 জুলাই থেকে শুরু করে এর পরবর্তীতে চলমান থাকা তীব্র ঝড়ের একটি সিরিজের সাথে চরম তাপ মিলিত হয়ে বিপজ্জনক পরিস্থিতির কারণ হয়েছে যার ফলে অ্যালবানি, অ্যালেগানি, ব্রঙ্কস, ব্রুম, ক্যাটারাগাস, ক্যাইয়ুগা, শাটোকুয়া, শেমাং, শেনাঙ্গ, ক্লিন্টন, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, ইরি, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, ফুলটন, জিনেসি, গ্রিন, হ্যামিলটন, হারকাইমার, জেফার্সন, কিংস, লুইস, লিভিংস্টোন, ম্যাডিসন, মনরো, মন্টগোমারি, নাসাউ, নিউ ইয়র্ক, নায়াগ্রা, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, অর্লিন্স, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, কুইন্স, রেনসেলার, রিচমন্ড, রকল্যান্ড, সেইন্ট লরেন্স, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা,, স্টুবেন, সাফোক, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েইন, ওয়েস্টচেস্টার, ওয়াইয়োমিং এবং ইয়েটস কাউন্টিগুলিতে গণপরিবহন, ইউটিলিটি সেবা, জনস্বাস্থ্য, এবং জননিরাপত্তা ব্যবস্থায় অনিবার্য বিপদের ঝুঁকি সৃষ্টি করেছে।

যেহেতু, ঝড়সমূহ টর্নেডোর কর্মকাণ্ড উৎপন্ন করেছে, সরলরেখার বাতাসকে ক্ষতিগ্রস্ত করেছে, ভারী বৃষ্টিপাত, এবং আকস্মিক বন্যার সৃষ্টি করেছে যার ফলে রাস্তা বন্ধ, যাতায়াতে বিঘ্ন, ব্যাপক বিস্তৃত বিদ্যুৎ বিভ্রাট, এবং সরকারি ও বেসরকারি সম্পত্তিতে ক্ষয়ক্ষতি হয়েছে, যা জনস্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকির কারণ।

যেহেতু, তাৎক্ষণিক সাড়াদান এবং ক্ষতিগ্রস্ত কাউন্টিসমূহে চলমান পুনরুদ্ধার প্রয়াসের জন্য স্টেটের সহায়তা প্রয়োজন।

এখন, অতএব, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (Constitution of the State of New York) এবং নির্বাহী আইনের (Executive Law) আর্টিক্যাল 2-B এর সেকশন 28 অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, এই মর্মে অনুধাবন করছি যে একটি দুর্যোগের ঘটনা ঘটেছে যার দ্বারা প্রভাবিত স্থানীয় সরকারগুলি যথাযথভাবে সাড়াদানে সক্ষম নয়। তাই, একটি স্টেটের দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা করছি যা 16 জুলাই, 2024 তারিখ থেকে অ্যালবানি, অ্যালেগানি, ব্রঙ্কস, ব্রুম, ক্যাটারাগাস, ক্যাইয়ুগা, শাটোকুয়া, শেমাং, শেনাঙ্গ, ক্লিন্টন, কলাম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, ইরি, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, ফুলটন, জিনেসি, গ্রিন, হ্যামিলটন, হারকাইমার, জেফার্সন, কিংস, লুইস, লিভিংস্টোন, ম্যাডিসন, মনরো, মন্টগোমারি, নাসাউ, নিউ ইয়র্ক, নায়াগ্রা, ওনিডা, ওনোন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, অর্লিন্স, ওসওয়েগো, ওটসেগো, পুটন্যাম, কুইন্স, রেনসেলার, রিচমন্ড, রকল্যান্ড, সেইন্ট লরেন্স, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা,,

স্টুবেন, সাফোক, সালিভ্যান, টিয়োগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েইন, ওয়েস্টচেস্টার, ওয়াইয়োমিং এবং ইয়েটস কাউন্টিসমূহের আঞ্চলিক সীমানার মধ্যে কার্যকর হবে। এই নির্বাহী আদেশ 15 আগস্ট, 2024 তারিখ পর্যন্ত কার্যকর থাকবে; এবং

উপরন্তু, নির্বাহী আইনের আর্টিক্যাল 2-B এর সেকশন 29 অনুযায়ী, আমি স্টেট পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণের সমন্বিত পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিচ্ছি এবং স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে প্রয়োজন অনুযায়ী, স্টেটের সম্পত্তি সুরক্ষিত রাখতে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার ও ব্যক্তিদের এই দুর্যোগে সাড়া দিতে ও এর থেকে পুনরুদ্ধারে সাহায্য করার জন্য, এবং জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে প্রয়োজন অনুযায়ী এধরনের অন্যান্য সহায়তা প্রদান করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমোদন প্রদান করছি, যা 10 জুলাই, 2024 তারিখ থেকে কার্যকর হবে।

সেই সাথে, এই ঘোষণাটি 49 ফেডারেল প্রবিধান কোড (Code of Federal Regulations. CFR). 390.23(b) এর আবশ্যিকতা পূরণ করে, যা 49 CFR এর 395.2 এবং 395.5 ধারা থেকে অব্যাহতি প্রদান করে। কর্মীদল যাতে অতি গুরুত্বপূর্ণ রাস্তাঘাট পরিষ্কার করতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটি পাওয়ার পুনঃস্থাপন কর্মীদের যাতায়াত দ্রুত করতে পারে তা নিশ্চিত করার জন্য ফেডারেল মোটর ক্যারিয়ারদের সেবার সময়ের এই নিয়ম থেকে এমন অব্যাহতি প্রয়োজনীয় হবে।

উপরন্তু, যদি কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মান্য করলে দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাধাগ্রস্ত, বা বিলম্ব হতে পারে, তবে নির্বাহী আইনের আর্টিক্যাল 2-B এর সেকশন 29-a দ্বারা আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, আমি এতদ্বারা সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 15 আগস্ট, 2024 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- সাধারণ নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, নির্মাণসহ পরিষেবা, এবং সরঞ্জাম ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত সাধারণ মিউনিসিপ্যাল আইনের আর্টিক্যাল 5-A;

- স্টেট অর্থ আইনের (State Finance Law) সেকশন 97-G, সেই পরিসর অবধি যা খাদ্য, জিনিসপত্র, পরিষেবাদি এবং সরঞ্জাম ক্রয় করার জন্য বা বিভিন্ন কেন্দ্রীভূত পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজন প্রভাবিত স্থানীয় সরকারগুলিকে, ব্যক্তিবর্গকে এবং অন্যান্য স্টেট-বহির্ভূত সত্ত্বাদের;

- স্টেট অর্থ আইনের (Finance Law) সেকশন 112, স্টেট সংবিধানের আর্টিক্যাল V, সেকশন I এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় পরিসর অবধি, এবং জরুরি চুক্তি প্রদান করা বা স্টেটের চুক্তিতে অতিরিক্ত কাজ, সাইট এবং সময় যোগ করার পরিসর অবধি;যার মধ্যে স্থান পরিবর্তন করার জন্য চুক্তি বা লীজ এবং সরকারি ভবন আইনের ধারা 3 এর অধীনে স্টেটের কর্মকাণ্ডকে সমর্থন করা অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু যা এর মধ্যে সীমিত থাকবে না;

- স্টেটের অর্থ আইনের ধারা 163 এবং অর্থনৈতিক বিকাশ আইনের (Economic Development Law) অনুচ্ছেদ 4-C, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, প্রযুক্তি এবং উপকরণ ক্রয়ের অনুমতি দেয়;

অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব সিলমোহর সহ দুই হাজার চব্বিশ সালের জুলাই মাসের ষোলতম দিনে আমার স্বহস্তে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক
গভর্নরের সচিব